

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 82 /WBHC/SMC/2018

Dated: 03. 07. 2018

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika,' a Bengali daily dated 30.06.18, the news item is captioned 'হর্ন নিষেধাজ্ঞা নিয়ে অন্ধকারে চালকেরাই'.

Commissioner of Police, Bidhannagar Police Commissionerate is directed to enquire into the matter and to furnish a report by 10th August, 2018.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Naparajit Mukherjee)
Member



(M.S. Dwivedy)
Member

হর্ন নিষেধাজ্ঞা নিয়ে অন্ধকারে চালকেরাই

অরুণাঙ্ক ভট্টাচার্য

দমদম স্টেশনের নীচে আন্ডারপাসে পরপর দাঁড়িয়ে তিনটি বাস। প্রথম বাসটি ঠায় দাঁড়িয়ে যাত্রী তুলছে। পিছনে সার দিয়ে দাঁড়িয়ে দু'টি বাস ও ছোট গাড়ি। প্রায় প্রতিটি গাড়িই হর্ন চেপে ধরে রেখেছে। বন্ধ আন্ডারপাসে সেই আওয়াজ বেড়ে যাচ্ছে কয়েকগুণ।

অকারণে হর্ন বাজানোর প্রবণতা, নিষেধ না মেনে এয়ার হর্নের ব্যবহার ক্রমশই বেড়ে চলেছে কলকাতা ও শহুরতলিতে। হাসপাতালের মতো কিছু জায়গায় হর্ন বাজানো যাবে না বলে নিষেধাজ্ঞা রয়েছে। তবে অন্য জায়গায় কত শব্দমাত্রা (ডেসিবেল) পর্যন্ত হর্ন বাজানো যাবে, তা নিয়ে সভকর্তা না থাকায় বিপদ জ্বরও বেড়েছে। পরিবহণ দফতর সূত্রে খবর, প্রয়োজনে কখন হর্ন বাজাতে হবে তার প্রশিক্ষণ ছাড়াই মিলছে গাড়ি চালানোর লাইসেন্স। ফলে সমস্যা রয়ে গিয়েছে গভীরেই। ফাঁকা রাস্তাতেও প্রায়ই হর্ন দিতে দিতে চলে বাস, ছোট গাড়ি, এমনকি অটো-টোটোও।

হর্ন বাজানো নিয়ে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদের কড়া বিধি রয়েছে। বাজি, পটকা ফটানোর ক্ষেত্রে যেমন ৯০ ডেসিবেলের নীচে শব্দমাত্রা বেঁধে রাখার নিয়ম, তেমনই প্রকাশ্যে ৪৫ ডেসিবেলের উপরে শব্দ করা বা হর্ন বাজানোর নিয়ম নেই।

পর্যদের চেয়ারম্যান কল্যাণ রুদ্র বলেন, “হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্রে সাইলেন্ট জোন থাকে। এমন সব বিধিনিষেধ ছাড়াও শব্দের ক্ষেত্রে দিনের বেলা এক নিয়ম, আবার রাতে আবার অন্য নিয়ম রয়েছে।” তবে সেই নিয়ম মানা না হলে যানবাহনের ক্ষেত্রে দূষণ নিয়ন্ত্রণ পর্যদ ব্যবস্থা নিতে পারে না বলে জানিয়েছেন কল্যাণবাবু।

সে ক্ষেত্রে পুলিশ, বিশেষত ট্র্যাফিক পুলিশই ব্যবস্থা নিয়ে থাকে।

অভিযোগ, সাইলেন্ট জোনে ধরপাকড় আর মাঝেমধ্যে দূরপাল্লার গাড়ি আটক করে এয়ার হর্ন বাজেয়াপ্ত করা ছাড়া আর কিছুই করে না ট্র্যাফিক পুলিশ। কলকাতা পুলিশের ডিসি (ট্র্যাফিক) সুমিত কুমার বলেন, “অথবা বা সাইলেন্ট জোনে হর্ন বাজানোর কারণে প্রচুর ধরপাকড় হয়। এ ক্ষেত্রে সামাজিক সচেতনতারও প্রয়োজন। অকারণে হর্ন না দেওয়া নিয়ে আমরা পোস্টার, প্ল্যাকার্ড, ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়া, টিভিতে প্রচারও করছি।”

অসহিষ্ণুতা ও সচেতনতার অভাবের উদাহরণ দিলেন পার্ক স্ট্রিটের এক ট্র্যাফিক অফিসার। তাঁর কথায়, সিগন্যালে দাঁড়িয়েও হর্ন বাজাতে দেখা যায় অনেক চালককে। তাঁরা বলেন, হাত পড়ে বেজে গিয়েছে। অনেকের আবার ব্রেক কয়লেও হর্ন দেওয়ার প্রবণতা রয়েছে। অথচ কেবল, তামিলনাড়ুর মতো রাজ্যে কড়া পদক্ষেপ নেওয়ার পরে এখন সেখানে হর্ন বাজাবার প্রবণতা নেই বললেই চলে।

ট্র্যাফিক পুলিশের কথায়, হর্ন না বাজিয়ে নিয়মমাফিক গাড়ি চালানোর

মত রাস্তাই নেই মহানগরীর বেশির ভাগ জায়গায়। এমনকি, বেশ কিছু সাইলেন্ট জোনে বোর্ডও থাকে না। ফলে কোনও চালকের বিরুদ্ধে মামলা করা হলেও ‘সাইলেন্ট জোন’ লেখা দেখা যায়নি, এই যুক্তিতে আদালত থেকে ছাড়া পেয়ে যান।

লাইসেন্স দেওয়ার সময়ে কোনও ব্যক্তি গাড়ি চালাতে পারেন কি না, তার পরীক্ষা নেওয়া হয়। কিন্তু হর্ন দেওয়ার বিধি নিয়ে কোনও প্রশ্নের মুখে পড়তে হয় না। এই সমস্যার কথা স্বীকার করে উত্তর ২৪ পরগনার আঞ্চলিক পরিবহণ অধিকর্তা সিদ্ধার্থ রায় বলেন, “আসলে মোটর ট্রেনিং স্কুল থেকে প্রশিক্ষণ নিয়ে আসার পরে

কেউ গাড়ি চালাতে পারেন কি না, তা দেখে লাইসেন্স দেওয়া হয়। কোথায়, কী ভাবে হর্ন বাজাতে হবে সেই শিক্ষা ট্রেনিং স্কুলেরই দেওয়ার কথা।” কিন্তু সেই শিক্ষা ট্রেনিং স্কুলে মেলে না বলেই সূত্রের খবর।

এসএসকেএম হাসপাতালের নাক, কান, গলা বিভাগের প্রধান অরুণাভ সেনগুপ্ত বলেন, “৭০ থেকে ৮০ ডেসিবেলের উপরে হর্নের আওয়াজ বা কোনও শব্দ নিয়মিত শুনলে কানের ভিতরের নার্ভগুলি ক্ষতিগ্রস্ত হয়। শ্রবণ শক্তি হারিয়ে বিধিরও হয়ে যেতে পারেন কেউ কেউ। এই নার্ভ এক বার নষ্ট হয়ে গেলে আর ঠিক হয় না।”

পুরাতন সোনা
ও রূপা নগদ
অর্থের বিনিময়ে
কেনা হয়।
এ. জি. জুয়েলারী
গড়িয়াহাট : 97480 99497
কালীঘাট : 97486 92814
করানীপুর : 70442 84756

Management course with
3 industries TOURISM,
AVIATION &
HOSPITALITY Designed
Curriculum

One Course
With Multiple
Career Options

North Bengal University
&
Cooch Behar Panchanan Barma University

Present job oriented course

3 Year UG Programme **BBA** in Tourism, Aviation and Hospitality
BBM

Special Spoken English Classes
An industry oriented graduation

CAREER OPPORTUNITIES
Lead Cabin Crew || Guest Services Manager,
Security Supervisor || Travel Manager || Airline Sales Manager,
Guest Relationship Manager || Operations Agent.

Admission Session 2018-2019

Now exclusively available in 4 colleges of West Bengal.

SILIGURI COLLEGE website: www.siliguricollege.ac.in
P.D WOMENS COLLEGE JALPAIGURI website: www.pdwomenscollege.org
COOCHBEHAR COLLEGE ALIPURDUAR MAHILA MAHAVIDYALAY website: alipurduarcollege.org